


# Media News Report- Book Launch Ceremony of 'The Odds Revisited – The Political Economy of Development of Bangladesh' Cambridge University Press by Dr. K. A. S. Murshid on Monday, 17 October 2022

**FE** The Financial Express

Tuesday, 18 October 2022 |

## Meeting future development targets

Observes Dr Wahiduddin Mahmud



From left, Dr Zaidi Sattar, Dr K A S Murshid, Dr Hossain Zillur Rahman, Prime Minister's Adviser for Economic Affairs Dr Mashiur Rahman, Professor Dr Wahiduddin Mahmud, Dr Ahsan H Mansur and Dr Kazi Iqbal hold a copy of a book, titled 'The Odds Revisited - The Political Economy of Development of Bangladesh', during its launch at a city hotel on Monday — PRI photo

Achieving future development targets will be tough for Bangladesh without ensuring improved economic diplomacy and superior human resources after it

graduates from least developed country (LDC) status, said eminent economist Dr Wahiduddin Mahmud on Monday.

He said Bangladesh's development so far came through well utilisation of low-wage women labour in the RMG sector and low-skilled migrant workers.

Citing "what got you here won't get you there", a famous quote by American author Marshall Goldsmith, he said, "The same development model may not work in the near future without advancing skills in different sectors."

He made the observations at the launch of a book, titled 'The Odds Revisited - The Political Economy of Development of Bangladesh', organised by the Policy Research Institute of Bangladesh (PRI) at a hotel in the city's Gulshan.

Prime Minister's Adviser for Economic Affairs Dr Mashiur Rahman addressed the event as the chief guest, while Professor Dr Wahiduddin Mahmud spoke as the guest of honour and Power and Participation Research Centre (PPRC) Executive Chairman Dr Hossain Zillur Rahman as a special guest.

Presided over by PRI Executive Director Dr Ahsan H Mansur, the event was also addressed, among others, by former director general of Bangladesh Institute of Development Studies (BIDS) and author of the book Dr K A S Murshid, PRI Chairman Dr Zaidi Sattar, and BIDS Senior Research Fellow Dr Kazi Iqbal.

Continuing his speech, Dr Mahmud said within 10 years of the Second World War, defeated countries like Germany and Japan recovered from economic crises just because of skilled workforce.

To deal with future challenges, Bangladesh will also need to improve its human resources to keep pace with the post-LDC world, he said.

Many people underline Bangladesh's development success rather surprisingly because it can't be explained from a single point of view as the economic growth came with a combination of efforts.

Referring that there have always been concerns over good governance and authoritarianism, he said, "Accountability has been absent in the country's political culture..."

However, regardless of the government type, everyone used poverty reduction as a major tool to legitimise their respective regime, added Dr Mahmud.

Speaking on the occasion, Dr Zillur said, "The long-term view of the country was sketched nicely in Mr Murshid's book, at the same time, it is also important

to look into the near-term view ... say, last 10 years to understand what will happen in next 10 years."

Many schools and health facilities have been established in the country in recent decades but quality of education in those schools and services in hospitals have become major concerns, he noted.

Emphasising the importance of social, political and cultural space, he said, "Reduction in competitiveness in different sectors is not primarily ideological to the history of Bangladesh."

Earlier, introducing the book, Dr Murshid said increasing food production and reducing population growth were in the centre of development policies taken by Bangladesh which gave the country great leverage over the years.

He said over the years, the country's development mainly came due to stability of the economy which led to better outcomes in social developments.

In the meantime, citing reference from the book about the situation of education in the country, prime minister's Adviser Dr Mashiur said while the dropout rate of girls from high school is around 12 per cent, it is 28 per cent for boys as they start looking for economic opportunities before finishing the school.

"There is some sort of flaw in the country's education system," he said, adding: "If there were scopes of studying work-oriented vocational education apart from general one, many of these school dropouts may take that chance thinking about early livelihood."

Mentioning the role of subsidy in boosting food production in the country, he said the subsidy in agriculture shouldn't be just seen as mere subsidy, instead it should be considered as long term investment support to the farmers.

Summing up the discussion, PRI Executive Director Dr Ahsan H Mansur said Dr Murshid in his book identified four key growth drivers of Bangladesh - enhanced food production, RMG export, labour migration, and rapid urbanisation.

Besides, the role of development partners has also been significant in Bangladesh's development story as many of the programmes for socio-economic change were executed with their funds through NGOs, Dr Mansur added.

[adnan.hossain3017@gmail.com](mailto:adnan.hossain3017@gmail.com)

<https://today.thefinancialexpress.com.bd/last-page/meeting-future-development-targets>

## Quality human resources, institutional accountability must for sustainable dev: Wahiduddin Mahmud



**Quality human resources and institutional accountability are two key development prerequisites for any nation, according to eminent economist Prof Wahiduddin Mahmud.**

"Without these, no country has ever been able to achieve sustainable development. Be it India, China, South Korea or whatever," Wahiduddin Mahmud said at a book unveiling ceremony in Dhaka on Monday.

The programme was organised by the Policy Research Institute (PRI) of Bangladesh and presided over by the institute Chairman Zaidi Sattar. Prime Minister's Economic Affairs Adviser Mashiur Rahman was the chief guest on the occasion.

At the programme, economists highlighted the roles by the public and private sectors in the country's economic development in the last five decades and also emphasised good governance.

Wahiduddin Mahmud, who is a former caretaker government adviser, commented that a strong stance on development and poverty alleviation was often used to legitimise a lack of democracy.

"There was no accountability of our political institutions for a long time. However, governments had to mobilise enormous efforts for legitimacy in the face of media and civil society activeness. This led to an aspiration of people and governments subsequently had to act on it," he added.

"But when we will be moving towards development in the future, legitimacy seeking could be the only mechanism through government accountability against people's activism and aspiration. That is a real problem."

Emphasising institutional accountability, he said that the Communist Party of China was reorganised after the creation of a market economy, and everyone knows how accountability works in a capitalist economy.

About human resource development, he said, "We have had a lot of development in terms of infrastructure, but if human resource development is not accompanied by it, it will be a big challenge."

The economist said the local thriving readymade garment industry on cheap labour, export of poorly trained manpower and backwardness in technology will not help eliminate poverty. The country needs economic efficiency, productivity and financial sector efficiency.

He highlighted the contribution of micro credit, non-government organisations (NGOs) as well as the supporting role of the government behind the growth trajectory of Bangladesh.

Hossain Zillur Rahman, another former caretaker government adviser, said infrastructure such as bridges, roads or hospitals is being built, but the protocol for use has not been prepared owing to which the economy is being deprived of the benefits.

Former director general of the Bangladesh Institute of Development Studies (BIDS) KAS Murshid authored the book that was unveiled at the programme. The book, titled "The Odds Revisited - The Political Economy of the Development of Bangladesh", underlines the key catalysts for the country's economic progress in the last five decades.

Some of the speakers raised questions about how the book is compatible with political economy as there is not much talk about governance and politics.

Former secretary Suhel Choudhury stressed assessing whether economic development is accompanied by political development.

Mashiur Rahman said the claims in the book about declined life expectancy in 2019 compared to 2016 and the number of nurses is less than doctors are "unusual".

PRI Executive Director Ahsan H Mansur said agriculture, food security, readymade garments, remittances and social safety net were the main driving forces of the country's development.

### [Top News](#)

[Wahiduddin Mahmud](#) / [development](#)

<https://www.tbsnews.net/bangladesh/quality-human-resources-institutional-accountability-must-sustainable-dev-wahiduddin>

# The Daily Star

TUESDAY, October 18, 2022 |

## Economy

### Improve quality of infrastructures, services

Economists stress requisites for next stage of development

Bangladesh needs to improve the quality of infrastructures and services, raise the efficiency in the banking sector, train the workforce, lift competitiveness and ensure accountability in all spheres to advance to the next stage of economic development, economists said yesterday.

"In order to move to the next level of development, the workforce of the country has to be trained and their productivity has to be raised," said Prof Wahiduddin Mahmud, a former adviser to a caretaker government.

"Technological knowledge should be higher. If we continue sending people abroad without training them, poverty alleviation will not be possible."

The noted economist spoke at a book launching ceremony at the Hotel Amari organised by the Policy Research Institute (PRI) of Bangladesh.

The book -- The Odds Revisited—The Political Economy of Development of Bangladesh, authored by KAS Murshid, a former director general of the Bangladesh Institute of Development Studies (BIDS) – has been published by Cambridge University Press.

Prof Mahmud said the low efficiency in the banking sector is not supportive for the country to advance to the next level.

Accountability at institutions has not been ensured, so even if infrastructures have been built, the service and quality have not improved, he said.

"Now, accountability needs to be ensured at institutions."

Hossain Zillur Rahman, also a former adviser to a caretaker government, echoed Prof Mahmud.

"The government has built schools and hospitals but the quality of education and healthcare service remains a big challenge," said Rahman, also the executive chairman of the Power and Participation Research Centre.

"We also need to raise competitiveness to go to the next level of development."

He added that infrastructure played a major role in the development journey of Bangladesh though the quality of services is not good enough.

The book provides a detailed review of macro and sectoral developments over the past 50 years and new material and insights into the rise of Bangladesh's capitalist class, a socioeconomic perspective of the role of Dhaka-based urbanisation, and the rise of a new middle class.

Prof Mahmud said there was no single factor for the development of Bangladesh's economy.

"The government, the private sector, remitters and the agriculture sector all contributed to the economic success."

He described the garment sector as one of the major contributors to economic progress. "The garment sector has flourished with the help of policy support."

He said the government has played role in mechanising the agriculture sector but it received little acknowledgement.

According to Prof Mahmud, governments took stance on physical infrastructure and poverty alleviation to win acceptance among people. The economy has witnessed higher growth despite governance challenges.

The development of rural infrastructures has played an important role, so the government has done a commendable job by putting emphasis on infrastructure development, said Mashiur Rahman, economic adviser to the prime minister.

"Women empowerment also played a key role in the country's development and industrialisation has also made an important contribution."

Mashiur said some people always call for increasing subsidies but subsidies do not fast-track development all the time. Assessment-based development assistance can work best here.

A country's development may come through individual, collective and multi-sectoral action. But collective action is still low in Bangladesh, said Hossain Zillur.

"We need to find out how the collective action can be enhanced."

Ahsan H Mansur, executive director of the PRI, cited the private sector, including readymade garment factories, manpower export, and agriculture, as the main pillars of the economy.

"Social sector development has been a vital contributor. Development partners and non-government organisations played key roles."

The governments of the 1970s to 1980s were blamed for some of their policies. But their target to control the population and ensure food security was in the right direction, said Kazi Iqbal, a senior research fellow of the BIDS.

"If the target was not set and the plan was not executed, we would have hardly got to the development stage we are now today."

Zaidi Sattar, chairman of the PRI, also spoke.

<https://www.thedailystar.net/business/economy/news/improve-quality-infrastructures-services>

## NEWAGE

Business

# Human resource dev lagging behind, say economists

Published: 23:29, Oct 17,2022

Economists on Monday said that the country was lagging behind in the area of human resource development, but it made a remarkable progress in infrastructure development. They made the observation at the launch of a book 'The Odds Revisited - The Political Economy of Development of Bangladesh' authored by former Bangladesh Institute of Development Studies director general KAS Murshid.

Prime minister's economic affairs adviser Mashiur Rahman, who attended the programme as chief guest, said, 'To enjoy the advantage of the new comparative economy, we must focus on skills development.'

The Policy Research Institute arranged the programme at the Hotel Amari in the capital Dhaka.

The programme was moderated by PRI executive director Ahsan H Mansur.

Ahsan said, 'The book has properly highlighted the economic journey of the country in various perspectives.'

For the future development of the country, the book has identified a number of shortcomings of the economy, he said.

Former caretaker government adviser Hossain Zillur Rahman attended the programme as special guest.

He said, 'Individual and collective engagement of the stakeholders is required for policy reformation for developing skills of human resources to attain the development goal of the country.'

The social sector, especially the education and healthcare, are still facing challenges to attain the sustainable development goals, he said.

Former caretaker government adviser Wahiduddin Mahmud said, 'The collaborative approach of the people and the government behind the success of the country has properly elaborated in the book.'

'Along with human resources, technological development must be ensured for the future development of the country,' he said.

He stressed developing economic diplomacy and other economic indicators to continue ensuring the growth of the domestic economy.

He also said, 'Microcredit played a vital role in the development of micro entrepreneurship and we need to strengthen the entrepreneurs' skills to improve the capacity of social energy competitiveness.'

KAS Murshid said, 'The book has covered almost every aspect of the political economy of the country — food security challenges, international migrants, rule of non-firm sector, rise of RMG sector and others.'

The book was published by the Cambridge University Press in June 2022, he added.

<https://www.newagebd.net/article/183935/human-resource-dev-lagging-behind-say-economists>

## ১ যুগে বণিকবার্তা

বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ

# প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা ছাড়া উন্নয়ন টেকসই হয় না

নিজস্ব প্রতিবেদক

অক্টোবর ১৮, ২০২২

অক্টোবর ১৮, ২০২২



রাজধানীর একটি হোটেলে গতকাল আয়োজিত অনুষ্ঠানে ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ ছবি:  
নিজস্ব আলোকচিত্রী

সুশাসনের ঘাটতির মধ্যেই প্রত্যাশার চেয়েও বেশি এগিয়েছে বাংলাদেশ। গত ৫০ বছরে কখনো কর্তৃত্ববাদী গণতন্ত্র কিংবা কখনো সামরিক শাসন কোনোকালেই জবাবদিহিতা ছিল না। এর মধ্যেই মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি এবং সামাজিক অগ্রগতিও আশাতীত। সমপর্যায়ের দেশগুলোর চেয়ে বাংলাদেশের এ অগ্রগতি তুলনামূলক কম খরচের বিনিময়েই এসেছে। সরকারগুলোর বৈধতার স্বার্থে নেয়া বিভিন্ন পদক্ষেপ এবং নাগরিক উদ্যোগ এ উন্নয়নের পেছনে অবদান রেখেছে। প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা প্রতিষ্ঠিত না হলে এ উন্নয়ন টেকসই হয় না।

বাংলাদেশের উন্নয়নে রাজনৈতিক অর্থনীতিবিষয়ক গ্রন্থ 'দি অডস রিভিজিটেড'-

এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এসব কথা বলেছেন অর্থনীতিবিদ এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান বিআইডিএসের সাবেক মহাপরিচালক ড. কেএএস মুরশিদ রচিত গ্রন্থটি কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস থেকে প্রকাশ করা হয়। গতকাল এর আনুষ্ঠানিক মোড়ক উন্মোচনের আয়োজন করে বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই)। রাজধানীর হোটেল আমারিতে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনীতিবিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান। বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের আরেক উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, পিআরআইর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর, চেয়ারম্যান জাইদি সান্তার, বিআইডিএসের সিনিয়র রিসার্চ ফেলো ড. কাজী ইকবাল প্রমুখ।

বাংলাদেশের উন্নয়ন প্রসঙ্গে ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ আরো বলেন, এ দেশের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য একক কোনো অবদানে আসেনি। এর মধ্যে অনেক কিছুর সমন্বয় আছে। ব্যক্তি, প্রতিষ্ঠান, ক্ষুদ্র চাষী, উদ্যোক্তা ও প্রবাসী শ্রমিক সবারই অবদান আছে। তবে এ উন্নয়নের পেছনে সরকারের অবদান অনেকেই বলেন না। অর্থনৈতিক প্রবৃদ্ধির মাইলফলক অর্জনে তৈরি পোশাক বাণিজ্যে ব্যাক টু ব্যাক এলসি—

এ রকম অনেক সহযোগিতা ও সমন্বয় আছে সরকারের। গণতান্ত্রিক কিংবা সামরিক শাসন যে ধরনের সরকারই ক্ষমতায় ছিল তাদের জবাবদিহিতার অভাব ছিল। সরকারের বৈধতার জন্য দারিদ্র্য দূর করার ক্ষেত্রে একধরনের বাধ্যবাধকতা ছিল। নাগরিক সক্রিয়তাও ছিল এর পেছনে। এসবের সঙ্গে গ্রামীণ অবকাঠামো, মোবাইল, কৃষি বিপ্লব, এনজিওগুলোর পক্ষ থেকে প্রথমে ক্ষুদ্র ঋণ এবং পরে ক্ষুদ্র উদ্যোগে সহযোগিতা ছিল। কম মজুরির স্বল্পশিক্ষিত শ্রমশক্তির অবদানও ছিল এ প্রবৃদ্ধির পেছনে।

ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ভবিষ্যতে যখন আমরা আরো উন্নয়নের পথে যাব তখন শুধু মানুষের নাগরিক সক্রিয়তা এবং মানুষের প্রত্যাশার বিপরীতের বৈধতা চাওয়া—

এ পদ্ধতি কি একমাত্র পদ্ধতি হতে পারবে সরকারের জবাবদিহিতার জন্য? এটা প্রকৃত সমস্যা। আমরা কি এমন কোনো বন্দোবস্ত করতে পেরেছি যেখানে প্রাতিষ্ঠানিকভাবে জবাবদিহিতার পদ্ধতি তৈরি হয়। দুটি জিনিস ছাড়া কোনো দেশ কখনো দীর্ঘস্থায়ী টেকসই উন্নয়ন লাভ করতে পারেনি, সেটা ভারতের মতো গণতান্ত্রিক দেশ হোক আর চীনের মতো সমাজতান্ত্রিক দেশই হোক বা আগের কালের দক্ষিণ কোরিয়ার মতো স্বৈরতান্ত্রিক দেশই হোক, সেটা হলো উন্নত মানবসম্পদ। এই মানবসম্পদ ছাড়া কোনো দেশ কখনো উন্নতি লাভ করতে পারেনি। জাপান ও জার্মানি যুদ্ধবিধ্বস্ত দেশ হয়ে দ্বিতীয় মহাযুদ্ধের পরে মাত্র ১০ বছরে কেন বড় শক্তিতে পরিণত হলো। তাদের তো অবকাঠামো সবই নষ্ট হয়ে গিয়েছিল। আমাদের দেশে অবকাঠামোর দিক থেকে অনেক উন্নয়ন হয়েছে। কিন্তু মানবসম্পদ যদি তৈরি না হয়, সেটা একটা বড় চ্যালেঞ্জ। আর হলো আমাদের কী রকম দেশ শাসনের বন্দোবস্ত থাকবে যেখানে প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা পাবে, সেই জবাবদিহিতা চীনের সমাজতন্ত্রে কমিউনিস্ট পার্টির ভেতরে যখন বাজার অর্থনীতি তৈরি হয়েছি

ল তখন সেই জবাবদিহিতা নতুনভাবে সাজানো হয়েছিল কমিউনিস্ট পার্টিতে। গণতান্ত্রিক দেশে জবাবদিহিতা কী করে হয়, সেটা তো জানার অপেক্ষা রাখে না।

বাংলাদেশের উন্নয়ন প্রসঙ্গে ড. মসিউর রহমান বলেন, সরকারের ভর্তুকিও সার্বিক উন্নয়নে অবদান রেখেছে। গ্রামে এখন অকৃষিজ কর্মকাণ্ড বেড়েছে। এতে কৃষি মজুরের সংকট দেখা দিয়েছে। তাদের মজুরি বেড়েছে। একসময় উন্নয়ন-সহযোগীদের পক্ষ থেকে খাদ্য উৎপাদনে ভর্তুকি বন্ধের শর্তের তথ্য জানান তিনি।

ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ক্ষমতা এবং অর্থনীতি দেশের উন্নয়নের জন্য সবচেয়ে বড় দুই ফ্যাক্টর। এর থেকে তিন ধরনের উদ্যোগ উন্নয়ন গতি আরো ত্বরান্বিত করতে পারে। সমন্বিত, ব্যক্তিগত ও বহুপক্ষীয় কার্যক্রম। এখানে ঘাটতি আছে। দেশে সম্মিলিত কার্যক্রমের সফল কোনো উদাহরণ নেই। কেন নেই তার গভীর অনুসন্ধান প্রয়োজন। শিক্ষা ও স্বাস্থ্য খাতের কাঠামো এবং বাস্তবতার মধ্যে এখনো বড় ব্যবধান রয়েছে। হাসপাতাল হচ্ছে, সেবা হচ্ছে না। এসব কারণে শিক্ষা ও স্বাস্থ্য খাতের সেবার মান কমছে। বাংলাদেশের উন্নয়নের গতিধারা প্রসঙ্গে তিনি বলেন, উন্নয়নে গত ৫০ বছরের হিসাব করা হচ্ছে। তবে গত ১০ বছরের উন্নয়নপ্রবণতা বোঝাটা বেশি দরকার। আগামীতে কোথায় যেতে চাই আমরা, সেটাও বোঝা দরকার।

ড. আহসান এইচ মনসুর বলেন, বাংলাদেশের অগ্রগতির পেছনে উন্নয়ন অংশীদারদের কথা খুব একটা বলা হয় না। ৬০এর দশক থেকে এ দেশের উন্নয়নে তারা সহযোগিতা দিয়ে আসছে। বিশেষ করে অবকাঠামো উন্নয়নে তাদের বড় ভূমিকা আছে। এর বাইরে তৈরি পোশাক, প্রবাসী আয়, কৃষি দেশের অর্থনীতির উন্নয়নের প্রধান চালক হিসেবে উল্লেখ করেন তিনি।

ড. কেএএস মুরশিদ বলেন, একসময় বাংলাদেশ বিদেশী বিনিয়োগ (এফডিআই) চায়নি। একপর্যায়ে চাওয়া শুরু করল। কিন্তু এফডিআই আশানুরূপ আসছে না। কেন আসে না তা ভেবে দেখা দরকার। এফডিআইর প্রধান আকর্ষণ হচ্ছে প্রযুক্তি এবং মানবসম্পদ। এগুলো নিশ্চিত করা সম্ভব কিনা সেটাই বড় প্রশ্ন।

বিআইডিএসের মহাপরিচালক ড. বিনায়ক সেন, সাবেক বাণিজ্য সচিব সোহেল আহমেদ চৌধুরী, এনবিআরের সাবেক চেয়ারম্যান ড. আবদুল মজিদসহ বিশিষ্টজনরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।


[https://bonikbarta.net/home/news\\_description](https://bonikbarta.net/home/news_description)

# সমকাল

পিআরআই আয়োজিত অনুষ্ঠানে অধ্যাপক ওয়াহিদউদ্দিন  
মাহমুদ

উচ্চ প্রবৃদ্ধির জন্য দরকার প্রাতিষ্ঠানিক জবাবদিহি

প্রকাশ: ১৮ অক্টোবর



অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ- ফাইল ছবি

সুশাসনের ঘাটতির মধ্যেই প্রত্যাশার চেয়েও বেশি এগিয়েছে বাংলাদেশ। গত পাঁচ দশকে বিভিন্ন সরকারের সময়ে জবাবদিহির অভাব ছিল। তবে এর মধ্যেই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক অগ্রগতি আশাতীত। সমপর্যায়ের দেশগুলোর চেয়ে বাংলাদেশের এই অর্জন তুলনামূলক কম খরচেই এসেছে। সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ এবং নাগরিক উদ্যোগ এই উন্নয়নের পেছনে অবদান রেখেছে। তবে আগামী দিনগুলোতে প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা ছাড়া উচ্চ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে না।

সোমবার বাংলাদেশের উন্নয়নে রাজনৈতিক অর্থনীতিবিষয়ক গ্রন্থ 'দ্য অডস রিভিজিটেড'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এসব কথা বলেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা

অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক ড. কে এ এস মুর্শিদ রচিত গ্রন্থটি ক্যামব্রিজ ইউনিভার্সিটি প্রেস থেকে প্রকাশ করা হয়েছে। রাজধানীর হোটেল আমারিতে পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিকবিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান। অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ ছাড়াও এতে বক্তব্য দেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, পিআরআইর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর, বিআইডিএসের সিনিয়র রিসার্চ ফেলো ড. কাজী ইকবাল। পিআরআইর চেয়ারম্যান জাইদি সান্তার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বাংলাদেশের উন্নয়ন প্রসঙ্গে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ আরও বলেন, এ দেশের উন্নয়ন অগ্রগতি এবং সাফল্য একক কোনো অবদানে আসেনি। এর মধ্যে অনেক কিছুই সমন্বয় আছে। ব্যক্তি, প্রতিষ্ঠান, ক্ষুদ্র চাষি, উদ্যোক্তা ও প্রবাসী শ্রমিক সবারই অবদান আছে। তবে এ উন্নয়নের পেছনে সরকারের অবদানের কথা অনেকেই বলেন না।

তিনি বলেন, গণতান্ত্রিক কিংবা সামরিক শাসন যে সরকারই ক্ষমতায় ছিল, তাদের জবাবদিহিতার অভাব ছিল। তবে দারিদ্র্য দূর করার ক্ষেত্রে ছিল এক ধরনের বাধ্যবাধকতা। নাগরিক সক্রিয়তাও ছিল এর পেছনে। এসবের সঙ্গে এনজিওর পক্ষ থেকে ক্ষুদ্রঋণ এবং ক্ষুদ্র উদ্যোগে সহযোগিতা ছিল। কম মজুরির স্বল্পশিক্ষিত শ্রমশক্তিও অবদান রয়েছে। তবে আগামীতে উচ্চহারের প্রবৃদ্ধি অর্জনে সাধারণ এসব কৌশল এবং আর্থিক খাতের বর্তমান ব্যবস্থাপনা কতটা কাজে দেবে, তা নিয়ে প্রশ্ন রয়েছে।

তিনি বলেন, শুধু এই কৌশলগুলো প্রয়োগের মাধ্যমে আগামীতে উচ্চ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে না, যদি প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা প্রতিষ্ঠিত না হয়। এর সঙ্গে প্রয়োজন আধুনিক অর্থনৈতিক ব্যবস্থাপনা। বাড়তে হবে অর্থনৈতিক কূটনীতি। প্রাতিষ্ঠানিক জবাবদিহি প্রতিষ্ঠা করতে হবে। মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তির ব্যবহার বাড়তে হবে।

গত ৫০ বছরে নারী শিক্ষায় বড় ধরনের অগ্রগতি হয়েছে বলে উল্লেখ করেন ড. মসিউর রহমান বলেন। তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়নে সরাসরি এর প্রভাব পড়েছে। গ্রামে এখন অকৃষি কর্মকাণ্ড বেড়েছে। এতে কৃষি মজুরের সংকট দেখা দিয়েছে। তাদের মজুরি বেড়েছে। এক সময় উন্নয়ন সহযোগীদের পক্ষ থেকে খাদ্য উৎপাদনে ভর্তুকি বন্ধের শর্ত থাকত বলে জানান তিনি।

ড. হোসেন জিল্লুর রহমান বলেন, তিন ধরনের উদ্যোগ উন্নয়নের গতি আরও ত্বরান্বিত করতে পারে। তা হচ্ছে- সমন্বিত, ব্যক্তিগত ও বহুপক্ষীয় কার্যক্রম। এখানে ঘাটতি আছে। শিক্ষা ও স্বাস্থ্য খাতের কাঠামো এবং বাস্তবতার মধ্যে এখনও বড় ব্যবধান রয়েছে। হাসপাতাল হচ্ছে, সেবা হচ্ছে না। শিক্ষা ও স্বাস্থ্য খাতের সেবার মান কমছে।

ড. আহসান এইচ মনসুর বলেন, বাংলাদেশের অগ্রগতির পেছনে উন্নয়ন সহযোগীদের কথা খুব একটা বলা হয় না। ৬০-এর দশক থেকে এ দেশের উন্নয়নে তারা সহযোগিতা দিয়ে আসছে। বিশেষ করে অবকাঠামো উন্নয়নে তাদের বড় ভূমিকা আছে। তৈরি পোশাক, প্রবাসী আয়, কৃষিকে দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান চলক হিসেবে উল্লেখ করেন তিনি।

ড. কে এ এস মুর্শিদ বলেন, এক সময় বাংলাদেশ বিদেশি বিনিয়োগ (এফডিআই) চায়নি। এক পর্যায়ে চাওয়া শুরু করল। কিন্তু এফডিআই আশানুরূপ আসছে না। কেন আসে না, তা ভেবে দেখা দরকার। এফডিআইর প্রধান আকর্ষণ হচ্ছে, প্রযুক্তি ও মানবসম্পদ। এগুলো নিশ্চিত করা সম্ভব কিনা সেটাই বড় প্রশ্ন। বিআইডিএসের মহাপরিচালক ড. বিনায়ক সেন, সাবেক বাণিজ্য সচিব সোহেল আহম্মেদ চৌধুরী, এনবিআরের সাবেক চেয়ারম্যান ড. আবদুল মজিদসহ বিশিষ্টজন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# কালের বর্ধ

মঙ্গলবার | ১৮ অক্টোবর ২০২২ |

কাশনা অনুষ্ঠানে ওয়াহিদউদ্দিন মাহমুদ

## দারিদ্র্য বিমোচন ও উন্নয়ন বৈধতা অর্জনের হাতিয়ার



সুশাসনের ঘাটতির মধ্যেই প্রত্যাশার চেয়েও বেশি এগিয়েছে বাংলাদেশ। গত ৫০ বছরে কখনো কর্তৃত্ববাদী গণতন্ত্র কখনো বা সামরিক শাসন—কোনোকালেই জবাবদিহি ছিল না। এর মধ্যেই মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি এবং সামাজিক অগ্রগতিও আশাতীত। সরকারগুলো দেশের উন্নয়ন করেছে মানুষের প্রত্যাশা থেকে।

বিশেষ করে দারিদ্র্য দূরীকরণ ও নানামুখী উন্নয়নের পদক্ষেপগুলো নিয়েছিল নিজেদের (সরকার) বৈধতা অর্জনের জন্য। এগুলো সরকারগুলোর বৈধতা অর্জনের হাতিয়ার।

গতকাল সোমবার রাজধানীর একটি হোটেলে 'দ্য ওডস রিভিজিটেড : দ্য পলিটিক্যাল ইকোনমি অব ডেভেলপমেন্ট অব বাংলাদেশ' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এসব কথা বলেন অনুষ্ঠানের সম্মানিত বিশেষ অতিথি ওয়াহিদউদ্দিন মাহমুদ। অনুষ্ঠানের আয়োজন করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনিস্টিউট (পিআরআই)।

ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, 'আমরা বলি বাংলাদেশে সুশাসনের অভাব। কখনো কর্তৃত্ববাদী আবার কখনো সেনাশাসন। যার কারণে গণতান্ত্রিক পন্থায় জবাবদিহি খুব বেশি দিন কাজ করেনি। গণতন্ত্র থাকুক আর না-ই থাকুক, বাংলাদেশের প্রথম থেকেই যে ধরনের সরকারই হোক না কেন মানুষের যে প্রত্যাশা, সেই প্রত্যাশার বিপরীতে নানা ধরনের উন্নয়নমূলক কাজ করেছে।'

বাংলাদেশের উন্নয়ন ব্যাখ্যা করতে গিয়ে এই অর্থনীতিবিদ আরো বলেন, 'বাংলাদেশের উন্নয়নের ব্যাপারে কোনো ধাঁধা নেই। অনেকে আমাদের উন্নয়নকে মিরাকল বলে। তবে আমাদের কিছু অপ্ৰত্যাশিত সাফল্য এসেছে। আর এই সাফল্য এসেছে সব কিছুর সমন্বয়ে। এখানে যেমন ব্যক্তির সাফল্য আছে, ঠিক তেমনি প্রতিষ্ঠানের সাফল্যও আছে। আবার সরকারেরও সাফল্য আছে।' তিনি বলেন, সরকার বাংলাদেশের তৈরি পোশাক খাতের শিল্পায়নের শুরুতে নানামুখী পদক্ষেপ নিয়েছিল। মানবসম্পদ দেশের বাইরে পাঠাতেও নানামুখী পদক্ষেপ নিয়েছিল সরকার। এ ছাড়া কৃষিতে উন্নয়ন, এখানেও সরকারের ভূমিকা রয়েছে। সরকার আধুনিক যন্ত্রপাতি আমদানির বাধাগুলো দূর করেছে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা মসিউর রহমান বলেন, 'গত ৫০ বছরে বাংলাদেশের শিক্ষার হার বেড়েছে, বিশেষ করে নারী শিক্ষার যথেষ্ট বিস্তার ঘটেছে, যার সরাসরি প্রভাব অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে পড়ছে। এ ছাড়া গ্রামীণ অবকাঠামো উন্নয়নে আমরা যথেষ্ট উন্নতি করেছি। তবে শিক্ষা ব্যবস্থায় কিছু সমস্যা আছে। যার কারণে ছেলেরা বেশি ঝরে পড়ছে।' তিনি বলেন, 'আমাদের খাদ্যে ভর্তুকি রয়েছে, কিন্তু আমাদের মধ্যে একটা ভুল ধারণা রয়েছে যে ভর্তুকি দিলেই সব কিছু ভালো হয়। এই ধারণাটা ভুল। আমাদের কিছু ইনোভেশনও হয়েছে গ্রামে। যেসব কারণেও অনেক দিক থেকে আমাদের সামগ্রিক উন্নয়ন হয়েছে।'

বিশেষ অতিথির বক্তব্যে বেসরকারি গবেষণা সংস্থা পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) নির্বাহী পরিচালক হোসেন জিল্লুর রহমান বলেন, ‘বাংলাদেশের ৫০ বছরের অর্থনৈতিক অগ্রযাত্রায় ব্যক্তি উদ্যোগ বা সামষ্টিকের তুলনায় ব্যক্তি পর্যায়ের ভূমিকা বেশি ছিল। এই বইয়ের মূল লক্ষ্যটি হচ্ছে উন্নয়নের লক্ষ্যটা ঠিক রাখা। ৫০ বছরে আমাদের অর্থনীতিতে কী পরিবর্তন হয়েছে, সেটা যেমন বোঝা জরুরি, ঠিক তেমনি জরুরি শেষ ১০ বছরে কী হয়েছে। তিনি আরো বলেন, ‘আমাদের অনেক উন্নয়ন হয়েছে, কিন্তু আমরা সমন্বিত উন্নয়নের দিকে যেতে পারিনি। যেমন—আমরা অবকাঠামোগত উন্নয়ন করেছি, কিন্তু মানসম্পন্ন উন্নয়ন করতে পারিনি। হাসপাতাল বানিয়েছি, কিন্তু রোগীর সেবা দিতে পারিনি।’

সংক্ষিপ্ত আলোচনায় বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) জ্যেষ্ঠ গবেষণা পরিচালক কাজী ইকবাল বলেন, ‘এই বই আমাদের জন্য খুবই গুরুত্ব বহন করে, বিশেষ করে যারা তরুণ প্রজন্মের। কারণ যিনি বইটি লিখেছেন তিনি স্বচক্ষে দেশের উন্নয়নের ইতিহাসগুলো দেখেছেন।’

পিআরআই নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, বাংলাদেশের অগ্রগতির পেছনে উন্নয়ন অংশীদারদের কথা খুব একটা বলা হয় না। ষাটের দশকে এ দেশের উন্নয়নে তারা সহযোগিতা দিয়ে আসছে। বিশেষ করে অবকাঠামো উন্নয়নে তাদের বড় ভূমিকা আছে। এর বাইরে তৈরি পোশাক, প্রবাসী আয়, কৃষি দেশের অর্থনীতির উন্নয়নের প্রধান চালক হিসেবে উল্লেখ করেন তিনি।

পিআরআই সভাপতি জাহিদী সান্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিআইডিএসের জ্যেষ্ঠ গবেষণা ফেলো অর্থনীতিবিদ অধ্যাপক কাজী ইকবাল, বইটির লেখক কে এ এস মুর্শিদ প্রমুখ বক্তব্য দেন।

<https://www.kalerkantho.com/online/national>



## ৫০ বছরে বাংলাদেশ আর্থ-সামাজিক ক্ষেত্রে অপ্রত্যাশিত সাফল্য পেয়েছে



ঢাকা, ১৭ অক্টোবর, ২০২২ (বাসস) :

স্বাধীনতার পর বাংলাদেশ সম্পর্কে বিশ্বব্যাপী এক ধরনের নেতিবাচক প্রচারণা চলেছিল। কিন্তু গত ৫০ বছরে বাংলাদেশ সেসব প্রচারণা বা প্রক্ষেপণকে মিথ্যা প্রমাণ করে আর্থ-সামাজিক ক্ষেত্রে অপ্রত্যাশিত সাফল্য পেয়েছে। এই সাফল্য অনেক কিছুর সমন্বয়ে এসেছে। এর পেছনে ক্ষুদ্র ও বড় চাষী, প্রবাসী শ্রমিক, সরকারের নানামুখী নীতি সহায়তা ও উদ্যোগী ভূমিকা, ক্ষুদ্র ও বড় উদ্যোক্তা, আন্তর্জাতিক উন্নয়ন সহযোগি ও বেসরকারি উন্নয়ন সংস্থার ভূমিকা উল্লেখ করার মত।

সোমবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক অর্থনীতিবিদ ড. কে. এ. এস মুর্শিদের লেখা 'দ্য অডস রিভাইজড- দ্য পলিটিক্যাল ইকোনমি অব ডেভলপমেন্ট অব বাংলাদেশ' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইন্সটিটিউট (পিআরআই) এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান। পিআরআই সভাপতি ড. জাহিদী সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থনীতিবিদ অধ্যাপক ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ, ড. হোসেন জিল্লুর রহমান, বিআইডিএস এর সিনিয়র রিসার্চ ফেলো ড. কাজী ইকবাল, বইটির লেখক ড. কে. এ. এস মুর্শিদ প্রমুখ বক্তব্য রাখেন। পিআরআই নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর অনুষ্ঠান সঞ্চালনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান বলেন, গত ৫০ বছরে বাংলাদেশের শিক্ষার হার বেড়েছে বিশেষ করে নারী শিক্ষার যথেষ্ট বিস্তার ঘটেছে যার সরাসরি প্রভাব অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে পড়ছে। এছাড়া গ্রামীণ অবকাঠামো উন্নয়নে আমরা যথেষ্ট উন্নতি করেছি।

অনুষ্ঠানে ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ বলেন, স্বাধীনতা লাভের পর শুরুর দিকে বাংলাদেশকে নিয়ে নানাবিধ নেতিবাচক প্রচারণা ছিল। আমরা সেগুলো মিথ্যা প্রমাণ করে আর্থ-সামাজিক ক্ষেত্রে অপ্রত্যাশিত সাফল্য পেয়েছি। কৃষি বিপ্লব ঘটেছে।

তিনি বলেন, এখন পর্যন্ত আমরা আশাতীতভাবে এগিয়েছি। তবে সামনের দিনগুলোতে মানসম্মত শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলা জরুরি। একইসাথে প্রশিক্ষিত শ্রমিক তৈরি, মজুরি বৃদ্ধি ও উন্নত প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। আধুনিক অর্থব্যবস্থা ও অর্থনৈতিক কূটনীতি বাড়ানো জরুরি বলে তিনি মন্তব্য করেন। ড. হোসেন জিল্লুর রহমান বাংলাদেশের ৫০ বছরের অর্থনৈতিক অগ্রযাত্রায় ব্যক্তি উদ্যোগ বা সামষ্টিকের তুলনায় ব্যক্তি পর্যায়ের ভূমিকা বেশি ছিল বলে মনে করেন।

আলোচনা শেষে বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। বইটি কেমব্রিজ বিশ্ববিদ্যালয় প্রেস থেকে প্রকাশিত হয়েছে।

<https://www.bssnews.net/bangla/trade/62569>